

নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষার্থীদের কোর্ট পরিদর্শন

প্রেস বিজ্ঞপ্তি.....

খুলনায় প্রতিষ্ঠিত প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে (০৩/১০/২০২৩) মঙ্গলবার বাগেরহাট জেলা ও দায়রা জজ আদালত পরিদর্শনের আয়োজন করা হয়। আইন বিভাগের ফল-১৯ ব্যাচের শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করে। বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের প্রভাষক মোঃ তারিকুল ইসলাম এবং শেখ সোহাগ হোসাইন স্যার দ্বয়ের সার্বিক তত্ত্বাবধানে সফলভাবে উক্ত কোর্ট পরিদর্শন সম্পন্ন হয়। শিক্ষার্থীরা কোর্ট পরিদর্শন সফলভাবে সম্পন্ন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোঃ নওশের আলী মোড়ল এবং আইন বিভাগের বিভাগীয় প্রধান হাসিবুল হোসাইন সুমন স্যার এর প্রতি। তাদের একান্ত সহযোগিতা ছাড়া এই আয়োজন সফলভাবে সম্পন্ন করা সম্ভব হতো না।

কোর্ট পরিদর্শনে গিয়ে শিক্ষার্থীদের সাথে দেখা হয় বাগেরহাট জেলার বিজ্ঞ সিনিয়র দায়রা জজ মোহাঃ রবিউল ইসলাম এর সাথে। যিনি অসাধারণ ব্যক্তিত্বের একজন মানুষ। তিনি শিক্ষার্থীদের সাথে কিছুটা সময় অতিবাহিত করেন এবং তার কর্মজীবনের ব্যবহারিক অনেক বিষয় সম্পর্কে শিক্ষার্থীদের সাথে আলোচনা করেন যা, শিক্ষার্থীদের কাছে খুবই মূল্যবান।

আলোচনা পর্বে উপস্থিত ছিলেন অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বাগেরহাট ড. আতিকুস সামাদ (কোর্স টিচার), সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শিশির মোহাম্মদ বেলাল সহ বাগেরহাট জেলার অন্যান্য বিচারক বৃন্দ। আলোচনার এক পর্যায়ে আইন বিভাগের পক্ষ থেকে শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে জেলা জজগণ কে সম্মানিত করা হয়।